

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর

ফ্যাক্স : ০৫২১-৫১৮৪৪, E-mail : ddrangpur@yahoo.com

স্মারক নং মাউশিরং/২০১৫/ ২০৬৪

তারিখ: ০৮.১০.২০১৫ খ্রি.

বিষয় : প্রতিষ্ঠানের পাসওয়ার্ড সরবরাহের নিয়মাবলী

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর এর আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও অত্র দপ্তর কর্তৃক চূড়ান্ত করা হচ্ছে। শিক্ষক ও কর্মচারীগণের অনলাইনে আবেদন করার ক্ষেত্রে প্রতিষ্ঠানের পাসওয়ার্ড ভুলে গেলে বা Missing হলে নিম্নোক্ত ভাবে পাসওয়ার্ড প্রাপ্তির জন্য আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

কোন কারণে পাসওয়ার্ড ভুলে গেলে বা Missing হলে যা করণীয় :

১. উপপরিচালক বরাবর আবেদন করতে হবে;  
(প্রতিষ্ঠান প্রধানগণ তাঁর আবেদনে প্রতিষ্ঠানের এমপিও ইনডেক্স নম্বর, মেইল এড্রেস এবং প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করবেন)
২. প্রতিষ্ঠান প্রধানের আবেদনপত্রটি সুপারিশ করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/জেলা শিক্ষা অফিসারগণ তাঁদের নিজস্ব মেইল এড্রেসে প্রেরণ করবেন এবং উপপরিচালককে সিসি(কার্বন কপি) প্রদান করবেন;
৩. প্রোগ্রামার প্রতিষ্ঠানটির পাসওয়ার্ড রিসেট (Reset) করে নতুন পাসওয়ার্ড প্রতিষ্ঠান প্রধানের মেইল এড্রেসে প্রেরণ করবেন;
৪. পাসওয়ার্ড সরবরাহের ক্ষেত্রে অবশ্যই প্রতিষ্ঠানটির মেইল এড্রেস থাকতে হবে, অন্যথায় পাসওয়ার্ড সরবরাহ করা হবে না;
৫. প্রতিষ্ঠান প্রধান পাসওয়ার্ডটি তাঁর নিজের কাছে সংরক্ষণ করবেন, সরবরাহকৃত পাসওয়ার্ড হস্তান্তরযোগ্য নয়;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/জেলা শিক্ষা কর্মকর্তাগণকে তাঁদের ব্যবহৃত মেইল এড্রেস, মোবাইল নম্বর, নাম নিম্নোক্ত ছকে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

জেলা	:	
উপজেলা	:	
কর্মকর্তার নাম ও পদবী	:	
মেইল এড্রেস	:	
মোবাইল নম্বর	:	

০৮.১০.২০১৫  
মোঃ মোস্তাক হাবিব

উপপরিচালক(ভারপ্রাপ্ত)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
রংপুর অঞ্চল, রংপুর

জেলা শিক্ষা অফিসার  
রংপুর/দিনাজপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/  
গাইবান্ধা/নীলফামারী/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

স্মারক নং মাডাশরং/২০১৫/

তারিখ: ০৮.১০.২০১৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো-

- ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, .....
- ২। সংরক্ষণ নথি।

মোঃ মোস্তাক হাবিব  
উপপরিচালক(ভারপ্রাপ্ত)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
রংপুর অঞ্চল, রংপুর